

বন্ধুর জন্য বিজ্ঞাপন

মহাদেব সাহা

আমি একটি বন্ধু খুঁজছিলাম যে আমার
পিতৃশোক ভাগ করে নেবে, নেবে
আমার ফুসফুস থেকে দূষিত বাতাস;
বেড়ে গেল শহরময় শীতের প্রকোপ
তার মুখ মনে হয় সবুজ চায়ের প্যাকেট , এখানে
ওখানে দেখা দিল সংক্রামক রোগ।
ক্ষয়কাশ উইয়ে খাওয়া কারেন্সি নোটের মতো আমার ফুসফুসটিকে
তীক্ষ্ণ দাঁতে ছিদ্র করে দিলো, সন্দেহজনকভাবে পুলিশ ঘুরলো
পিছে ডাবল ডেকার থেকে সে আমাকে
ফেলে দেবে কোমল ব্যান্ডেজ , সে আমাকে
ট্রান্সপারেন্ট জাদুর রুমাল, আমি যাবো পাখি হয়ে পুলিশ স্কোয়াড থেকে
জেনেভায় নিরস্ত্রীকরণ সম্মেলনে বলবো,-
আমি প্রেমিকার পলাতক গুপ্তচোর ,
সে এসে অন্ধকারেও চতুর চোরের মত
আমার পকেট থেকে দেবে সব স্থল পদাঙ্গুলি
বলবে কানের কাছে চুপিচুপি অসম্ভব বদমাশ সে,
চলো ঘুরে আসি রাতের শো থেকে
তারপর নিয়ে যাবে ক্রমাগত ভুল ঠিকানায়

তবু সেই ভীষণ বদমাশটা আমার সমস্ত ভুল ভাগ করে নেবে,
অর সমস্ত পাপ থেকে লিখে যাবে আমার ডায়েরিতে
আমার পাপ হাতে নিয়ে ধর্মযাজকের মতো অহংকারে ঢুকবে গির্জায়
আমি এ ঢাকা শহরের সর্বত্র ,প্রেসকেলাবে ,রেস্তোঁরায় ঘোড়দৌড়ের
মাঠে এমন বন্ধু খুঁজে বেড়াই যাকে আমি
মৃত্যুর প্রাক্কালে উইল করে যাবো এইসব অবৈধ সম্পত্তি ,কুৎসা
আমার লাম্পট্য পরিবর্তে সে আমার চিরদিন যোগাবে ঘুমের ওষুধ
আমার অপরাধের ছুরি রেখে দেবে তার বুকের তলায়, আমার পিতার
কাছে চিঠি দেবে এই বলে-ওর কথা ভাববেন না, ও বড়ো ভাল ছেলে

নিয়মিত অফিস করে দশটা পাঁচটা অথচ সে জানবে আমার

সব বদভ্যাস ,স্বভাবের যাবতীয় দোষ

তবুও সে যাবে আমার সাথে ক্যামেরায় ফিল্ম ভর্তি করে

নিয়ে আত্মহত্যাকারী এক যুবকের ছবি তুলে নিতে অবশেষে

মফস্বল শহরগামী কোন এক ট্রেনে চড়ে নেমে যাবে

আমার সাথে ভুল স্টেশনে

এখানে ওখানে সর্বত্র আমি একটি বন্ধু খুঁজছিলাম
যে আমাকে নিয়ে যাবে সুন্দরবনে হরিণ শিকারে , হরিণের শিং থেকে
তার স্বচ্ছ খুর থেকে খুঁদে নেবে দামী অংশগুলি যেন ও গাভীর
খুর থেকে বানাবে সে
আমাকে প্রতিদিন ধার দেবে লোভ, এখানে
সেখানে, শহরের পরিচিত অঞ্চলগুলিতে আমি সেই সরল সাংঘাতিককে
খুঁজি, আমি শুধু সারাজীবন একটি বন্ধুর জন্য প্রত্যহ বিজ্ঞাপন দিই
কিন্তু হয়, আমার ব্লাড গ্রুপের সাথে কারো রক্ত মেলে না কখনো

.....